

## বিজ্ঞপ্তি

রাজ্যের সকল শ্রেণীর কার্ডধারী ভোক্তা সাধারণের জন্য অবগতির জন্য জানানো যাইতেছে যে পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত গণবন্টন ব্যবস্থায় জানুয়ারী, ২০২০ ইং মাসে বরাদ্দ বিভিন্ন রেশন সামগ্রীর পরিমাণ ও দাম নিম্নরূপ হবে :-

ক্রমিক	দ্রব্যের নাম	প্রতি মাসে রেশন কার্ডের ভিত্তিতে সরবরাহের পরিমাণ	মূল্য
১)	চাউল (অস্ত্রোদয়)	কার্ড প্রতি ৩৫ কেজি হারে	২.০০ টাকা প্রতি কেজি
২)	চাউল (প্রায়োরিটি গ্রুপ)	জন প্রতি ৫ (পাঁচ) কেজি হারে (কোনো সর্বোচ্চ সীমা নেই)	২.০০ টাকা প্রতি কেজি
৩)	চাউল (এ.পি. এল)	জন প্রতি ৫ (পাঁচ) কেজি হারে পরিবার পিছু সর্বোচ্চ ২০ (কুড়ি) কেজি	১৩.০০ টাকা প্রতি কেজি
৪)	আটা	জন প্রতি ১ (এক) কেজি হারে	১৩.০০ টাকা প্রতি কেজি
৫)	চিনি	সকল শ্রেণীর কার্ড পিছু ১(এক) কেজি হারে। (যে সকল ভোক্তা ডিসেম্বর, ২০১৯ মাসের বরাদ্দকৃত চিনি সরবরাহজনিত সমস্যার কারণে তুলতে পারেন নি, তারা চলতি জানুয়ারী মাসে তা সংগ্রহ করতে পারবেন।)	দাম ২৩.০০ টাকা
৬)	প্যাকেট লবন	মাথা পিছু ৫০০ গ্রাম	দাম ৭.০০ টাকা প্রতি কেজি
৭)	মসুর ডাল	কার্ড প্রতি মাসিক ১(এক) কেজি	৪৫.০০ টাকা প্রতি কেজি
৮)	কেরোসিন	রাজ্যে সকল ভোক্তারা মাথাপিছু ৫৫০ মিলি লিটার করে কেরোসিন পাবেন। একমাত্র আগরতলা পুর পরিষদ এলাকায় এ.পি.এল কার্ডধারী ভোক্তাগণ মাথাপিছু ৫০০ মিলিলিটার কেরোসিন পাবেন। আগরতলা পুর এলাকার অস্ত্রোদয় এবং প্রায়োরিটি গ্রুপ ভুক্ত কার্ডধারীরাও মাথাপিছু ৫৫০ মিলি লিটার করে কেরোসিন পাবেন।	৩৬.২৪ টা প্রতি লিটার (আগরতলা পুর পরিষদের ৮ কিমি এলাকার মধ্যে। পরবর্তী প্রতি কিমির জন্য অতিরিক্ত ২ পয়সা হারে) তাছাড়া, অন্যান্য মহকুমায় দুরত্ব অনুযায়ী পরিবহন খরচ নির্ধারণ করে সংশ্লিষ্ট মহকুমা শাসকগণ দাম নির্ধারিত করে থাকেন।

(১) ভারত সরকারের নির্দেশ অনুযায়ী আমাদের রাজ্যে ডিসেম্বর, ২০১৯ মাস থেকে গণবন্টন ব্যবস্থায় পোটিবিলিটির সুবিধা চালু করা হয়েছে। এর ফলে ভোক্তাগণ তাদের সুবিধা অনুযায়ী নিজ নিজ রেশন দোকান ছাড়াও প্রয়োজন মতো রাজ্যের যে কোন রেশন দোকান থেকে প্রতিমাসের বরাদ্দ রেশন সামগ্রী সংগ্রহ করতে পারবেন। এর জন্য ভোক্তাদেরকে তাদের আধার নম্বর অথবা রেশনকার্ড নম্বর সঙ্গে রাখতে হবে। এই নতুন পোটিবিলিটি ব্যবস্থায় ভোক্তাগণ যে কোন রেশন দোকান থেকে আপাততঃ চাল সংগ্রহ করতে পারবেন। রেশন সংগ্রহ করার ক্ষেত্রে কোন প্রকার অসুবিধার সম্মুখীন হলে সংশ্লিষ্ট মহকুমা শাসক / খাদ্য দপ্তরের নিঃশব্দ ফোন নম্বর - ১৯৬৭ অথবা ১৮০০-৩৪৫-৩৬৬৫ এর মাধ্যমেও অভিযোগ জানাতে পারেন।

ICA/৩/১৫২৫/১৭-২  
(১৫×৩)

  
(হিরেন্দ্র দেববর্মা)

অতিরিক্ত সচিব ও অধিকর্তা  
খাদ্য, জনসংভরন ও ভোক্তা বিষয়ক দপ্তর